

চতুর্দশ অধ্যায়

# পোশাকের পারিপাট্য ও ব্যক্তিত্ব

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. পাতলা ব্যক্তির জন্য কোন ধরনের হাতার পোশাক বিশেষ উপযোগী?
ক ছোট হাতা ● ফুল হাতা গ থ্রি কোয়ার্টার ঘ হাতকাটা

২. উপলক্ষের প্রতি লক্ষ রেখে পোশাক নির্বাচন করলে–
i. অপরের প্রশংসা পাওয়া যায়
ii. ব্যক্তিত্ব বিকশিত হয়
iii. আত্মবিশ্বাসী হওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জবা ও রেবা দুই বোন। জবা আকারে লম্বা। অন্যদিকে রেবা শ্যামলা ও আকারে ছোট। তাই রেবা পোশাক নির্বাচনে সচেতন।

৩. কোন রেখার পোশাক জবাকে আপাতদৃষ্টিতে ছোট দেখাবে–
i. 
ii. 
iii. 
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

৪. রেবার পোশাকের জন্য নিচের কোনটি অধিকতর উপযোগী–
ক গাঢ় রঙের বড় ছাপা খ হালকা রঙের বড় ছাপা
● হালকা রঙের ছোট ছাপা ঘ গাঢ় রঙের ছোট ছাপা

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : ব্যক্তিত্ব ■ পৃষ্ঠা - ১২৭

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. সুন্দর ব্যক্তিত্বের প্রভাবে একজন মানুষ আরও একজন মানুষকে কী করতে পারে? (জ্ঞান)
ক লোভী ● আকর্ষণ গ ধনী ঘ গরিব

৬. কাজের সময় রুগ্ন ব্যক্তির ক্ষেত্রে কী ঘটে? (অনুধাবন)
ক শক্তি বৃদ্ধি পায় খ বেশি কাজ করে
গ কম কাজ করে ● চেহারায় ক্লান্তির ছাপ ফুটে ওঠে

৭. কীভাবে একজন মানুষকে আকর্ষণ করা যায়? (অনুধাবন)
● ব্যক্তিত্বের প্রভাবে খ টাকা–পয়সার প্রভাবে
গ গাড়ি–বাড়ির প্রভাবে ঘ ভালো স্বাস্থ্যের অধিকারী হয়ে

৮. কীভাবে আকর্ষণীয় ব্যক্তিত্ব গঠন করা যায়? (অনুধাবন)
ক সুন্দর পোশাকের মাধ্যমে খ দামি পোশাকের মাধ্যমে
গ সুন্দরভাবে কথা বলার মাধ্যমে ● শরীর ও মনের পূর্ণ বিকাশের মাধ্যমে

৯. পারিপাট্য বলতে কী বোঝায়? (অনুধাবন)
ক নোংরা থাকা ● পরিষকার–পরিচ্ছন্ন থাকা
গ স্বাস্থ্যবান হওয়া ঘ ধনী হওয়া

১০. শফিক দেখতে অনেকটা হালকা–পাতলা গড়নের, তার জন্য কোন ধরনের পোশাক উপযোগী? (প্রয়োগ)
ক বড় গলার খ ছোট হাতার ● ঢিলেঢালা ঘ আঁটসাঁট

১১. কিসের সামাজিক মূল্য অনেক বেশি– (জ্ঞান)
● ব্যক্তিত্বের খ ভালো কাজের
গ সুন্দর কথার ঘ দামি পোশাকের

১২. সমাজে আমরা একজন অন্যজন থেকে আলাদা। এর যৌক্তিক কারণ কোনটি? (উচ্চতর দক্ষতা)
● বিশেষ গুণাবলি খ টাকা–পয়সা গ সুস্বাস্থ্য ঘ গাড়ি বাড়ি

১৩. ব্যক্তিত্বসম্পন্ন ব্যক্তির অন্যতম বৈশিষ্ট্য কী? (উচ্চতর দক্ষতা)
ক সুন্দর পোশাক ● সুস্থ দেহ ও সুন্দর মন
গ সুন্দর ঘর–বাড়ি ঘ অনেক টাকা–পয়সা

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪. ব্যক্তিত্ব বিকাশের পরিচায়ক হলো— (অনুধাবন)
i. পরিষকার পরিচ্ছন্ন দেহ
ii. সুরুচিপূর্ণ পোশাক
iii. অমার্জিত চলাফেরা
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫ – ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আসিফ ও অনিক একই স্কুলে পড়ে। আসিফ প্রতিদিন পরিষকার পোশাক পরে স্কুলে আসে। সবার সাথে কথা বলে। এজন্য সবাই তাকে খুব পছন্দ করে, ভালোবাসে। অপরদিকে অনিক নোংরা পোশাক পরে স্কুলে আসে, দাঁত দিয়ে নখ কাটে। কারো সাথে কথা বলে না। এজন্য কেউ তাকে পছন্দ করে না।

১৫. আকর্ষণীয় ব্যক্তিত্ব দিয়ে অর্জন করা যায়– (অনুধাবন)
i. জীবনের মান
ii. সম্মান
iii. সামাজিক মর্যাদা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৬. অনিকের ব্যক্তিত্বকে আকর্ষণীয় করতে প্রয়োজন– (প্রয়োগ)
i. সুন্দর পোশাক
ii. সুন্দর ব্যবহার
iii. পরিষকার পরিচ্ছন্নতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৭. আসিফকে সবাই পছন্দ করার যথার্থ কারণ কী? (উচ্চতর দক্ষতা)
● আকর্ষণীয় ব্যক্তিত্ব খ সুন্দর চেহারা

ⓖ লম্বা চুল ⓖ সুন্দর শরীর

## পাঠ ২ : ব্যক্তিত্বের সাথে পোশাকের সম্পর্ক ■ পৃষ্ঠা - ১২৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৮. ব্যক্তিত্বের সাথে কাসের সুনিবিড় সম্পর্ক রয়েছে? (জ্ঞান)
ⓚ আচরণের ● পোশাকের ⓖ বন্ধুর ⓖ সুস্থ দেহের

১৯. নিজস্ব বৈশিষ্ট্য বা আচরণের প্রকাশ কী? (জ্ঞান)
● ব্যক্তিত্ব ⓚ পোশাক ⓖ সম্পর্ক ⓖ বয়স

২০. সুন্দর পোশাক ব্যক্তির কী বাড়িয়ে তোলে? (জ্ঞান)
ⓚ সৌন্দর্য ● আত্মবিশ্বাস ⓖ অহংকার ⓖ বংশ মর্যাদা

২১. রুচিশীল পোশাক কাসের পরিচয় দেয়? (জ্ঞান)
ⓚ বংশমর্যাদার ⓚ সৌন্দর্যের ● রবচিশীল মনের ⓖ বিরক্তির

২২. খাটো ও মোটা ব্যক্তির জন্য কেমন পোশাক উপযোগী? (অনুধাবন)
● ছোট ছোট ছাপার পোশাক
ⓚ বড় ছাপার পোশাক
ⓖ লম্বা ছাপার পোশাক
ⓖ বড় ও ছোট মিলিত ছাপার পোশাক

২৩. উপযুক্ত রং নির্বাচন কী বাড়িয়ে তুলতে পারে? (জ্ঞান)
ⓚ পোশাকের সৌন্দর্য ⓚ পোশাকের আকার
● দেহের সৌন্দর্য ⓖ পোশাকের কাট

২৪. শ্যামলা রঙের ব্যক্তিকে কোন রং ভালো দেখায়? (জ্ঞান)
● হালকা ⓚ ধূসর ⓖ গারো ⓖ উজ্জ্বল

২৫. পোশাক ও ব্যক্তিত্ব একে অন্যের পরিপূরক কেন? (অনুধাবন)
● পোশাক ব্যক্তিত্বের পরিচয় দেয় বলে
ⓚ দেহের সৌন্দর্য প্রকাশ করে বলে
ⓖ পোশাক বংশমর্যাদার পরিচয় দেয় বলে
ⓖ আচরণ প্রকাশ করে বলে

২৬. উপযুক্ত রং নির্বাচন জরুরি কেন? (অনুধাবন)
ⓚ পোশাকের সৌন্দর্যের জন্য ● দেহের সৌন্দর্যের জন্য
ⓖ অপরের প্রশংসা পাওয়ার জন্য ⓖ উজ্জ্বল দেখানোর জন্য

২৭. সোমা উপযুক্ত পোশাক নির্বাচন করতে চায়। এর জন্য তার কী করা প্রয়োজন? (প্রয়োগ)
ⓚ উপযুক্ত দোকান ⓚ উপযুক্ত পরিবেশ নির্বাচন
● উপযুক্ত রং নির্বাচন ⓖ উপযুক্ত সময় নির্বাচন

২৮. তৃপ্তি খাটো। তার দেহ কাঠামোকে বাহ্যিক দৃষ্টিতে বড় করার জন্য কী প্রয়োজন? (প্রয়োগ)
ⓚ ঢিলেঢালা পোশাক ● লম্বা রেখার পোশাক
ⓖ ছোট গলার পোশাক ⓖ আড়াআড়ি রেখার পোশাক

২৯. গরমকালে হালকা রঙের কাপড় নির্বাচনের যথার্থ কারণ হলো– (উচ্চতর দৰতা)
● স্নিগ্ধ হওয়ায় ঠান্ডা মনে হয় ⓚ তাপ বিকিরণ ৰমতা বেশি
ⓖ প্রশংসা পাওয়ার জন্য ⓖ ব্যক্তিত্ব ম্লান করে দেয়

৩০. খাটো ও মোটা ব্যক্তির জন্য ছোট ছাপার পোশাক উপযোগী। এর যৌক্তিকতা কী? (উচ্চতর দৰতা)
ⓚ এতে সৌন্দর্য বেশি ফোটে ● এতে কম মোটা দেখায়
ⓖ ছোট ছাপা দেখতে সুন্দর হয় ⓖ স্নিগ্ধ হওয়ায় আরাম উপযোগী

৩১. পোশাকের রং নির্বাচন গুরুত্বপূর্ণ। এর যথার্থ কারণ হলো– (উচ্চতর দৰতা)
● অনুপযুক্ত রং ব্যক্তিত্ব ম্লান করে দেয়
ⓚ পোশাকের রং রীতিনীতি প্রকাশ করে
ⓖ নিজের সামর্থ্য অনুযায়ী ভাবধারা প্রকাশ করে
ⓖ বংশ মর্যাদা প্রকাশ করে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. পোশাক ও ব্যক্তিত্বের সম্পর্ক সুনিবিড় সম্পর্কের কারণ হলো– (অনুধাবন)
i. পোশাক রবচিশীল মনের পরিচয় দেয়
ii. পোশাক ব্যক্তির আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে
iii. পোশাক বংশমর্যাদার পরিচয় দেয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. পোশাক নির্বাচনে সামাজিক রীতিনীতির দিকে লক্ষ রাখতে হবে– (অনুধাবন)
i. ব্যক্তিত্বকে আকর্ষণীয় করতে
ii. ব্যক্তিত্বের সৌন্দর্য ফুটিয়ে তুলতে
iii. সম্মান পাওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৪. পরিচ্ছন্ন, সামঞ্জস্যপূর্ণ পোশাক ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশে সহায়ক। এর পরিপ্রেক্ষিতে বলা যায়– (উচ্চতর দৰতা)
i. নোংরা পোশাক বিরক্তির সৃষ্টি করে
ii. নোংরা পোশাক ব্যক্তিত্বকে আকর্ষণ করে না
iii. দামি পোশাক সম্মান বৃদ্ধি করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সেফালি সপ্তম শ্রেণির ছাত্রী। তার গায়ের রং শ্যামলা ও মোটা দেহের অধিকারী।

৩৫. সেফালি কোন রঙের পোশাক পরে? (প্রয়োগ)
● হালকা রং ⓚ গাঢ় রং ⓖ উষ্ণ রং ⓖ শীতল রং

৩৬. সেফালির জন্য উপযোগী– (উচ্চতর দৰতা)
i. বড় গলার পোশাক ii. ছোট হাতার পোশাক
iii. আটসাঁট পোশাক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
কেয়া ও শ্রাবণী দুই বোন। গায়ের রং ও দেহের কাঠামোতে একে অপরের বিপরীত। কেয়া হালকা পাতলা এবং শ্রাবণী শ্যামলা বর্ণের মেয়ে। পোশাকের ৰেত্রে শ্রাবণী হালকা রং ও ছোট ছোট ছাপাকে প্রাধান্য দেয়। কেয়া ঢিলেঢালা কিন্তু হলুদ জাতীয় গাঢ় রঙের পোশাক পছন্দ করে। দাম নয়, পোশাকের নকশা ও আরামের বিষয়টি কেয়া সব সময় বিবেচনা করে থাকে।

ক. ব্যক্তিত্ব কী?
খ. সুবেশী হতে হলে ভালো স্বাস্থ্যের অধিকারী হওয়া দরকার কেন?
গ. পোশাক নির্বাচনে শ্রাবণীর বিশেষ ধরনের রঙের প্রাধান্যের কারণ ব্যাখ্যা করো।
ঘ. 'কেয়া পোশাক নির্বাচনে যথেষ্ট সচেতন'–বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো।

### ১নং প্রশ্নের উত্তর

ক. ব্যক্তিত্ব হলো ব্যক্তির নিজস্ব বৈশিষ্ট্য বা আচরণ।

খ. সুবেশী হতে হলে ভালো স্বাস্থ্যের অধিকারী হওয়া দরকার। কারণ অসুস্থ, রোগাটে শরীর কিংবা অপরিষ্কার দেহে মূল্যবান পোশাক পরে পরিপাট্য আনা যায় না। অন্যদিকে এলোমেলো চুল, অপরিষ্কার দাঁত, নখ, হাত–পা ইত্যাদি যে কোনো অবস্থাতেই

বিরক্তির সৃষ্টি করে। তাই নিয়মিত গোসল করে হাত, পা, চুল, নখ ইত্যাদির যত্ন নিতে হবে, স্বাস্থ্য ঠিক রাখতে হবে।

গ. উদ্দীপকে উলিরখিত শ্রাবণীর পোশাক নির্বাচনে বিশেষ ধরনের রঙের প্রাধান্যের কারণ হলো তার দেহের গঠনাকৃতি ও গায়ের রং। পোশাকের রং দেহের সাথে মানানসই না হলে ব্যক্তির ব্যক্তিত্ব অনেকখানি ম্লান হয়ে যায়। তাই দেহের ত্বক, চুল ও চোখের রঙের সাথে মিল রেখে পোশাকের রং নির্বাচন করা উচিত। শ্যামলা রঙের ব্যক্তিদের হালকা রঙে ভালো দেখায়। লাল, হলুদ, কমলা রংগুলো প্রখর হওয়ায় দূর থেকে এদের চোখে পড়ে। উদ্দীপকের শ্রাবণী শ্যামলা বর্ণের মেয়ে। তাই সে পোশাক নির্বাচনে বিশেষ ধরনের রঙের প্রাধান্য দিয়েছেন।

ঘ. 'কেয়া পোশাক নির্বাচনে যথেষ্ট সচেতন'– বক্তব্যটি যথার্থ। কারণ কেয়া পোশাক ক্রয়ে দামের চেয়ে নকশা ও আরামের বিষয়টিকে অধিক প্রাধান্য দেয় ব্যক্তিত্বের সাথে পোশাকের একটা সুনিবিড় সম্পর্ক রয়েছে। সুন্দর পোশাক রবচিশীল মনের পরিচয় দেয় এবং ব্যক্তির আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে। ফলে সে অন্যের চোখে আকৃষ্ট হয়। তাছাড়া ব্যক্তির সচেতনতা পোশাক নির্বাচনের মাধ্যমে পরিমাপ করা যায়। পোশাক নির্বাচনের মাধ্যমে ব্যক্তির ব্যক্তিত্ব ফুটে ওঠে। কেয়া যে পোশাক নির্বাচনে যথেষ্ট সচেতন, তা উদ্দীপকের দিকে দৃষ্টিপাত করলেই বোঝা যায়। হলুদ রং প্রখর হওয়ায় দূর থেকে চোখে পড়ে। আর এ রঙের পোশাকে পাতলা ব্যক্তিকে বাহ্যিক দৃষ্টিতে মোটা দেখায়। এ কারণে কেয়া হলুদ রঙের পোশাক বেছে নিয়েছে। তাই বলা যায়, কেয়ার পোশাক নির্বাচন প্রসঙ্গে প্রশ্নের বক্তব্যটি সঠিক ও যুক্তিযুক্ত।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আসিফদের ক্লাসে অনিক নামে নতুন এক ছাত্র ভর্তি হয়। সে নিজের থেকেই তার সাথে পরিচিত হয়। কিন্তু আসিফ খুব অবাক হয় এই দেখে যে, অনিক নিজের থেকে শরীরের কোনো যত্ন নেয় না। কারও সাথে খেলাধুলা করে না। ক্লাসে দাঁত দিয়ে নখ কাটে এবং প্রায়ই অপরিচ্ছন্ন অবস্থায় স্কুলে আসে। তার মুখ দিয়ে গন্ধ বের হয়। সে জন্য কেউ তার পাশে বসতে চায় না।

ক. পারিপাট্য রৰায় কিসের ভূমিকা বেশ গুরবত্বপূর্ণ? ১

খ. ব্যক্তিত্ব কীভাবে প্রকাশ পায়? ব্যাখ্যা কর। ২

গ. অনিক কীভাবে নিজেকে সুন্দর ও আকর্ষণীয় করে তুলতে পারে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. অনিকের পারিপাট্য রৰায় উপযুক্ত পোশাকের ভূমিকা অপরিহার্য– বাক্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. পারিপাট্য রৰায় উপযুক্ত পোশাকের ভূমিকা বেশ গুরবত্বপূর্ণ।

খ. ব্যক্তির ব্যক্তিত্ব প্রকাশ পায় তার শারীরিক গঠন, চালচলন, কণ্ঠস্বর, মেজাজ ও আবেগের মাধ্যমে। পৃথিবীর প্রত্যেক মানুষের নিজস্ব বৈশিষ্ট্য হচ্ছে ব্যক্তিত্ব। শরীর ও মনের পূর্ণ বিকাশের মাধ্যমেই আকর্ষণীয় ব্যক্তিত্ব গঠন করা যায়। তাছাড়া পরিষকার পরিচ্ছন্ন দেহ, সময় উপযোগী সুরবচিপূর্ণ পোশাক এবং মার্জিত চলাফেরার মাধ্যমেই সুন্দর ব্যক্তিত্ব প্রকাশ করা যায়।

গ. অনিক সব সময় পরিষকার পরিচ্ছন্ন থেকে নিজেকে সুন্দর ও আকর্ষণীয় করে তুলতে পারে। অপরিচ্ছন্ন দেহে যত সুন্দর ও দামি পোশাক পরা হোক না কেন তা কখনও সুন্দর ব্যক্তিত্বের পরিচয় বহন করবে না। তাছাড়া অপরিচ্ছন্ন দেহ সহজেই রোগে আক্রান্ত হয়। আর রবগ্ন দেহ নিয়ে কেউ নিজেকে আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে পারে না। তাই নিম্নোক্ত উপায়সমূহ অবলম্বন করে অনিক নিজেকে সুন্দর ও আকর্ষণীয় করে তুলতে পারে–

- নিজের স্বাস্থ্যের প্রতি যত্ন নিয়ে।
- নিয়ম অনুযায়ী কাজ করে।
- আত্মনির্ভরশীল হয়ে।
- উপযুক্ত পরিবেশে পারিপাট্য বজায় রেখে।
- শরীরের পাশাপাশি পরিচ্ছন্নতার দিকে লৰ রেখে।
- দাঁত পরিষকারের মাধ্যমে মুখের গন্ধ দূর করে।
- সব সময় পরিষকার–পরিচ্ছন্ন পোশাক পরে।

ঘ. অনিকের পারিপাট্য রৰায় উপযুক্ত পোশাকের ভূমিকা অনস্বীকার্য। প্রশ্নে উক্ত এই বাক্যটি যথার্থ। কারণ পারিপাট্য বলতে সাধারণভাবে দেহকে আকর্ষণীয় করে তোলার জন্যে পরিষকার পোশাকে দেহকে সজ্জিতকরণ বোঝায়। পোশাকের পারিপাট্য নীতি মেনে চলে নিজেকে আকর্ষণীয় কর তোলা যায়। দেহের সাথে মানানসই পোশাক পরিধান করা উচিত। তাহলেই পারিপাট্য বজায় রাখা সম্ভব। আমাদের মনে রাখা দরকার যে অপরিচ্ছন্ন দেহ কিংবা মূল্যবান পোশাকে পারিপাট্য আনা যায় না। পরিষকার–পরিচ্ছন্ন পোশাক ও মার্জিত পোশাক আমাদের ব্যক্তিত্বকে ফুটিয়ে তোলে। এ জন্য অনিককে অবশ্যই তার দেহের আকৃতি ও রঙের সাথে সামঞ্জস্য রেখে পোশাক নির্বাচন করতে হবে। কারণ উপযুক্ত পোশাক দেহকে আচ্ছাদিত করার পাশাপাশি দেহের সৌন্দর্যকে বহুগুণ বাড়িয়ে দেয়। তাই পারিপাট্য রৰায় অনিককে অবশ্যই উপযুক্ত পোশাক পরিধান করতে হবে।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মিলি ও শেলী একই শ্রেণিতে পড়ে। তারা একে অপরের খুব ভালো বন্ধু। মিলি হালকা পাতলা গড়নের, লম্বা, গায়ের রং ফর্সা। কিন্তু পোশাকের ব্যাপারে উদাসীন বলে তাকে আকর্ষণীয় লাগে না। অন্যদিকে শেলী কিছুটা মোটা, খাটো। তার গায়ের রং শ্যামলা। তথাপি তাকে বেশ আকর্ষণীয় মনে হয়। সে সব সময় মিলিকে বলে, "ব্যক্তিত্বের সাথে পোশাকের একটা সুনিবিড় সম্পর্ক রয়েছে।" [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. ব্যক্তিত্ব ও পোশাক একে অন্যের কী? ১

খ. পারিপাট্য রৰার উপায় ব্যাখ্যা কর। ২

গ. মিলি কীভাবে নিজেকে আকর্ষণীয় করে তুলতে পারে? বর্ণনা কর। ৩

ঘ. শেলীর বক্তব্যটির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের সপৰে যুক্তি দাও।

### ৩নং প্রশ্নের উত্তর

ক. ব্যক্তিত্ব ও পোশাক একে অন্যের পরিপূরক।

খ. পারিপাট্য রৰার জন্য দেহকে পরিস্কার–পরিচ্ছন্ন রাখতে হবে। নিয়মিত গোসল করতে হবে। হাত, পা, চুল, নখ ইত্যাদির যত্ন নিতে হবে। পারিপাট্য রৰায় উপযুক্ত পোশাকের ভূমিকা বেশ গুরবত্বপূর্ণ। উপযুক্ত পরিবেশে এবং ঋতু অনুযায়ী পোশাক পরিধানের মাধ্যমে পারিপাট্য রৰা করা যায়।

গ. দৈহিক গঠন অনুযায়ী পোশাক পরিধান করে মিলি নিজেকে আকর্ষণীয় কর তুলতে পারবে। শরীরকে ঢেকে রাখা ও ব্যক্তিকে আকর্ষণীয় করার জন্যেই পোশাক। সবার শারীরিক গঠন ও দেহ ত্বকের রং একরকম হয় না। পোশাকের রং, রেখা ও নকশা দেহের সাথে মানানসই না হলে ব্যক্তিত্ব মস্নান হয়ে যায়। মিলি হালকা পাতলা গড়নের ও ফর্সা। সে ফর্সা বলে যেকোনো রঙের পোশাক পরতে পারবে। সে হালকা পাতলা ও লম্বা তাই বড় ছাপার নকশা বহুল পোশাক, ঢিলেঢালা, ফুলহাতা, ছোট গলার পোশাক তার জন্যে উপযোগী। দৈহিক গঠনের সাথে সামঞ্জস্যপূর্ণ পোশাক পরিধান করলে সে আকর্ষণীয় হয়ে উঠবে।

ঘ. শেলীর উক্তিটির সাথে আমি একমত। কারণ ব্যক্তিত্বের সাথে পোশাকের একটি সুনিবিড় সম্পর্কে রয়েছে। কেননা সুন্দর পোশাক রবচিশীল মনের পরিচয় বহন করে এবং ব্যক্তির আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে। কাজেই দেখা যায় যে, পোশাক ও ব্যক্তিত্ব একটি অন্যটির পরিপূরক। ব্যক্তির দৈহিক অবয়ব ও দেহত্বকের সাথে সামঞ্জস্য রেখে রবচিসম্মত ও মানানসই পোশাক নির্বাচন করে নিজেকে আকর্ষণীয় কর তোলা যায়। ব্যক্তির সাথে পোশাকের সুনিবিড় সম্পর্কটি বজায় রাখার জন্যে ব্যক্তিকে অবশ্যই সঠিকভাবে পোশাক নির্বাচন করা উচিত। নতুবা ব্যক্তিকে আকর্ষণয়ি করে ফুটিয়ে তোলা সম্ভব হয় না। আবার রং, উচ্চতা, দেহের গঠন, মুখের আকৃতি, বয়স ইত্যাদির দিকে লৰ না রেখে পোশাক র্বাচন ও পরিধান করলে তা ব্যক্তির ব্যক্তিত্বকে নষ্ট করে দেয়। সুন্দর পোশাক রবচিশীল মনের পরিচয় দেয় ও নিজেকে আত্মবিশ্বাসী করে। তাই পোশাকের সঙ্গে ব্যক্তিত্বের নিবিড় সম্পর্ক রয়েছে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৪ ▸** হিমেল একটি প্রাইভেট ফার্মে চাকরি করে। সে সবসময় অনেক হাসিখুশি থাকে। এছাড়াও সে আত্মবিশ্বাসী। সে পরিপাটি পোশাক পরে অফিসে যায় ও আগ্রহের সাথে সব কাজ সম্পন্ন করে। সকলে তাকে সম্মান করে ও ভালোবাসে। সে একটু খাটো ও শ্যামলা হবার কারণে সবসময় খাড়া রেখার ও হালকা রঙের পোশাক পরে।

ক. গরমকালে কোন রঙের পোশাক উপযোগী? ১

খ. পরিপাট্য রৰায় পোাশাকের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. হিমেল কোন ব্যক্তিত্বের অধিকারী এবং কীভাবে ব্যক্তিত্বের অধিকারী হওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. হিমেলের জন্য কোন ধরনের পোশাক উপযুক্ত? তোমার উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ পৃথিবীর প্রতিটি মানুষ কী নিয়ে জন্মগ্রহণ করে?**

**উত্তর :** পৃথিবীর প্রতিটি মানুষ নিজস্ব বৈশিষ্ট্য নিয়ে জন্মগ্রহণ করে।

**প্রশ্ন ॥ ২ ॥ পোশাকে ব্যক্তির কী প্রকাশ পায়?**

**উত্তর :** পোশাকে ব্যক্তির ব্যক্তিত্ব প্রকাশ পায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ রুচিশীল পোশাক ব্যক্তির কী বাড়িয়ে তোলে?**

**উত্তর :** রবচিশীল পোশাক ব্যক্তির আত্মবিশ্বাস বাড়িয়ে তোলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পোশাকের আকারের তারতম্য কীসের ওপর প্রভাব ফেলে?**

**উত্তর :** পোশাকের আকারের তারতম্য দেহাকৃতির ওপর প্রভাব ফেলে।

**প্রশ্ন ॥ ৫ ॥ ফুলহাতার পোশাক কাদের জন্য উপযোগী?**

**উত্তর :** ফুলহাতার পোশাক পাতলা গড়নের ব্যক্তির জন্য উপযোগী।

**প্রশ্ন ॥ ৬ ॥ কোন রঙের পোশাকে গরম অনুভত হয়?**

**উত্তর :** উষ্ণ রঙের পোশাকে গরম অনুভূত হয়।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ কেন পোশাকের রং নির্বাচন করা উচিত?**

**উত্তর :** পোশাকের জন্য উপযুক্ত রং নির্বাচন করে আমরা দেহের সৌন্দর্যকে আরও বৃদ্ধি করতে পারি। দেহের ত্বক, চুল ও চোখের রঙের সাথে মিল রেখে পোশাকের রং নির্বাচন করা উচিত। তাছাড়া পোশাকের রং ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশে সহায়তা করে থাকে। তাই পোশাকের রং দেহের সাথে মানানসই করে নির্বাচন করা উচিত।

**প্রশ্ন ॥ ২ ॥ পারিপাট্য রক্ষায় পোশাকের ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** পারিপাট্য রৰায় উপযুক্ত পোশাকের ভূমিকা অত্যন্ত গুরবত্বপূর্ণ। উপযুক্ত পরিবেশে দেশীয় কৃস্টির সাথে মিল রেখে এবং ঋতু অনুযায়ী পোশাক নির্বাচন করা উচিত। যেমন : আমাদের দেশের মতো গ্রীষ্মপ্রধান দেশে এমন পোশাক নির্বাচন করা উচিত যা সহজে ঘাম শোষণ করে, সহজে ধোয়া ও ইস্ত্রি করা যায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ পোশাক নির্বাচনে লক্ষণীয় বিষয়গুলো লেখ।**

**উত্তর :** পোশাক নির্বাচনে ব্যক্তির দেহের রং, উচ্চতা, ওজন, দেহের গঠন, বয়স, মুখের আকৃতি ইত্যাদির দিকে লৰ রাখতে হবে। এছাড়াও পোশাকের রং, ছাপা, রেখা, আকার, পরিচ্ছন্নতা, সামাজিক রীতিনীতি ইত্যাদি বিষয়গুলোও খেয়াল করতে হবে।